

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ কবর যিয়ারত

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইবন আব্দুল্লাহ ইবন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ৮ - কিছু কিছু শহরে অনেক মানুষ কববের উপর ঘর তৈরি করে সেখানে বসবাস করে। এটা কতটুকু শরিয়ত সম্মত?

উত্তর – এটা নেহায়েত গর্হিত ও নিন্দনীয় কাজ, এ কাজের দ্বারা কবরবাসীদের অপমান করা হয়, তাই তাদেরকে এ কাজ হতে বারণ করা এবং শরি'আতের বিধান সম্পর্কে অবহিত করা জরুরী। তারা এসব কবরের উপর যেসব সালাত আদায় করেছে, তা সব বাতিল ও বৃথা। এ অবস্থায় কবরের উপর বসাও অত্যন্ত গর্হিত কাজ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম বলেছেন,

« لا تصلوا إلى القبور ولا تجلسوا عليها » (رواه مسلم)

"কবরের দিকে মুখ করে নামাজ পড়বে না এবং কবরের উপর বসবে না"। (মুসলিম) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলইহি ওয়াসাল্লম আরো বলেছেন,

«لعن الله اليهود والنصارى اتخذوا قبور أنبيائهم مساجد» (رواه البخاري)

"আল্লাহ ইয়াহূদী ও নাসারাদের উপর লানত করেছেন, কারণ তারা তাদের নবীদের কবরসমূহকে মসজিদে পরিণত করেছে"। (বুখারি ও মুসলিম)

এ হাদিস সম্পর্কে আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ বাণী দ্বারা তাদেরকে তাদের গর্হিত কাজের জন্য সতর্ক করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14888

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন